



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
মৎস্য-১ অধিশাখা  
[www.mofl.gov.bd](http://www.mofl.gov.bd)



স্মারক নং-৩৩.০০.০০০০.১২৬.০৪.০০১.১৪-৫০৫

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৯ বাং  
১১ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: মৎস্য অধিদপ্তরাধীন সহকারী মৎস্য কর্মকর্তা ও সামুদ্রিক মৎস্য শাখার পরিদর্শকদের বেতনগ্রেড-১৪তম ও ১৩তম হতে ১০ম গ্রেড-এ বেতন নির্ধারণ সংক্রান্ত।

সূত্র: অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৪/০৮/২০২২ তারিখের ০৭.০০.০০০০.১৬৩.৩৩.০২০.১২.৮৯ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে, মৎস্য অধিদপ্তরাধীন সহকারী মৎস্য কর্মকর্তা এবং সামুদ্রিক মৎস্য শাখার পরিদর্শক পদ তৃতীয় শ্রেণি হতে দ্বিতীয় শ্রেণির পদমর্যাদায় ০৭/০৮/২০০৭ খ্রি. তারিখ হতে উন্নীত হওয়ায় দ্বিতীয় শ্রেণির পদমর্যাদায় সর্বমোট ৪২৫ জন পদধারী যিনি যে সংখ্যক টাইমস্কেল পেয়েছেন/ প্রাপ্য হয়েছেন, উন্নীত বেতন স্কেলের উপরে সেই সংখ্যক টাইমস্কেল গণনা করে বেতনস্কেল উন্নীত করার প্রশাসনিক মঞ্জুরি আদেশ নির্দেশক্রমে নিম্নবর্ণিত শর্তে জ্ঞাপন করা হলো:

- (ক) সহকারী মৎস্য কর্মকর্তা এবং সামুদ্রিক মৎস্য শাখার পরিদর্শকদের দ্বিতীয় শ্রেণির পদমর্যাদায় বেতনস্কেল উন্নীত (১০ম গ্রেড) হওয়ার পূর্বে পদধারীগণ যিনি যে সংখ্যক টাইমস্কেল পেয়েছেন/ প্রাপ্য হয়েছেন, উন্নীত বেতন স্কেলের উপরে সেই সংখ্যক টাইমস্কেল গণনা করে বেতনস্কেল উন্নীত করার প্রশাসনিক মঞ্জুরি আদেশ জারির তারিখের পূর্বে তাদের সর্বশেষ আহরিত/ প্রাপ্ত মূল বেতনের ভিত্তিতে বেতন নির্ধারণ হবে;
- (খ) কোন কর্মচারীর বর্তমান মূলবেতন, বেতনস্কেল উন্নীতকরণের তারিখে টাইমস্কেলসহ নিরূপণকৃত বেতনস্কেলের সর্বনিম্ন ধাপের কম হলে সর্বনিম্ন ধাপে বেতন নির্ধারণ করতে হবে;
- (গ) বর্তমান মূলবেতন নিরূপণকৃত বেতন স্কেলের সর্বনিম্ন ধাপের বেশী হলে এবং উক্ত স্কেলের কোন ধাপের সমান হলে সেই ধাপে বেতন নির্ধারণ করতে হবে;
- (ঘ) বর্তমান মূলবেতন নিরূপণকৃত স্কেলের সর্বনিম্ন ধাপের বেশী হলে এবং উক্ত স্কেলের কোন ধাপের সমান না হলে সেক্ষেত্রে অব্যবহিত পরবর্তী উচ্চধাপে বেতন নির্ধারণ করতে হবে;
- (ঙ) জাতীয় বেতনস্কেল, ২০১৫ জারির পূর্ববর্তী জাতীয় বেতনস্কেলগুলোর আওতায় ২য় শ্রেণির পদে সিলেকশন গ্রেড ও ০২টি টাইমস্কেলসহ সর্বমোট ০৩টির অধিক উচ্চতর স্কেল প্রাপ্যতার সুযোগ না থাকায় বিবেচ্য পদধারীদের ক্ষেত্রে প্রাপ্যতা সাপেক্ষে সর্বোচ্চ ৭ম গ্রেডের উর্ধ্বে বেতন নির্ধারণের সুযোগ নেই এবং
- (চ) আরও শর্ত থাকে যে, এ বাবদ জাতীয় বেতনস্কেল, ২০১৫ জারির পূর্বে অর্থাৎ ১৫/১২/২০১৫ তারিখের পূর্বে শুধু বেতন নির্ধারণী সুবিধা ব্যতীত কোন বকেয়া আর্থিক সুবিধা প্রদেয় হবে না।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তি: ০১ প্রস্থ

হাফিজা বেগম

যুগ্মসচিব

ফোন নং-৯৫৭৭২৬২


অপর গুপ্তা দ্রষ্টব্য

স্মারক নং-৩৩.০০.০০০০.১২৬.০৪.০০১.১৪-৫০৫

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৯ বাং  
১১ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ০৫। মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ০৬। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। উপপরিচালক, সরকারী ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৮। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ময়মনসিংহ/বরিশাল/রংপুর/সিলেট।
- ০৯। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল জেলা)।
- ১০। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল উপজেলা)।
- ১১। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। জনাব.....।
- ১৩। অতিরিক্ত সচিব (মৎস্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



হাফছা বেগম

যুগ্মসচিব

ফোন নং-৯৫৭৭২৬২